



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫  
www.dls.gov.bd

স্মারক নং- ৩৩.০১.০০০০.১১০.৫৩.০৩১.২১-

১২৬

তারিখ: ১/০২/২০২১ খ্রি.


বিষয় : ১ (এক) দিন বয়সী প্যারেন্টস্টক মুরগীর বাচ্চা আমদানির অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : Nahar Poultry Ltd. এর ০১/০২/২০২১ খ্রি. তারিখের আবেদন পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাকে FRANCE এর Loire হতে ১(এক) দিন বয়সী Ross Broiler Parent Stock জাতের ৪১,৪৯৬ টি (একচল্লিশ হাজার চারশত ছিয়ানকই) মুরগীর বাচ্চা (পিআই নং-২০২১০০৯৫ তারিখ: ১৫/০১/২০২১) নিম্নে বর্ণিত শর্তে আগামী ০৫/৫/২০২১ খ্রি. তারিখের মধ্যে আমদানি করার অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ:

১. অনুমোদিত সকল প্যারেন্টস্টক মুরগীর বাচ্চা “সংক্রামক রোগমুক্ত মর্মে রপ্তানিকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করত: প্রত্যয়ন পত্র আমদানির সময় সঙ্গে প্রদান করতে হবে এবং চূড়ান্ত হেল্থ সার্টিফিকেট, প্রি-হেল্থ সার্টিফিকেট ও প্রোফর্মা ইনভয়েজের মধ্যে মিল থাকতে হবে। অন্যথায় এ অনুমতি পত্র বাতিল বলে গণ্য হবে।
২. বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ০৩( তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন করবেন ও একটি প্রতিবেদন দাখিল করবেন।
৩. বাচ্চা দেশে পৌঁছার পর-পরই কমপক্ষে ৩ (তিন)টি বাচ্চা সহকারী পরিচালক, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকার মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরারী কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-তে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
৪. অনুমোদিত সকল প্যারেন্টস্টক বিমানযোগে আমদানি করতে হবে এবং এভিয়ান ইনফুয়েঞ্জা আক্রান্ত দেশের ট্রানজিট ব্যবহার করা যাবে না।
৫. বাচ্চা আমদানির পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতি মাসে-মাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
৬. বাচ্চা আমদানীর পর রপ্তানিকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদপত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
৭. রপ্তানিকারক দেশে/সংশ্লিষ্ট State-এ Notifiable AI দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে এবং এ আদেশ অমান্য করে বাচ্চা আমদানী করলে সকল দায়-দায়িত্ব আমদানীকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে (OIE কর্তৃক স্বীকৃত Zone/Compartment এ শর্তের আওতাভুক্ত নহে)।
৮. কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় এ আদেশ বাতিল বা স্থগিত করতে পারবেন।
৯. সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
১০. মুরগীর বাচ্চা দেশে পৌঁছার কমপক্ষে ৭ দিন পূর্বে কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা -কে অবহিত করতে হবে।



১/০২/২০২১

(ডা. পদ্মব কুমার দত্ত)

সহকারী পরিচালক (প্রশিক্ষণ)

পক্ষে-মহাপরিচালক (হেড-১)

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

ফোন: +৮৮-০২-৯১১৫৯৩৬

E-mail: adtraining.dls@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক

নাহার পোল্ট্রি লিমিটেড

(খামার- ৩ নং জোরারগঞ্জ ইউ.পি, সোনাপাহাড়, মীরসরাই, চট্টগ্রাম)।

জ্যেষ্ঠার্থে ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ২। উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, চট্টগ্রাম।
- ৩। পি,এস,ও, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। রোগ নির্ণয় প্রতিবেদনের এককপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চট্টগ্রাম। হ্যাচারী পরিদর্শনপূর্বক কোয়ারেন্টাইন সময়ের মনিটরিং প্রতিবেদন এবং প্রতি মাসে-মাসে পরিদর্শন প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা। কমপক্ষে ৩ (তিন) টি বাচ্চা সিডিআইএল, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-তে প্রেরণ নিশ্চিত: করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। আইসিটি কর্মকর্তা, আইসিটি শাখা (ডিএলএস এর ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। অফিস কপি।

অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব মহোদয়ের একান্তসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।